পশ্চিমবঙ্গ সরকার
মহকুমা শাসকেরকরণ, তুফানগঞ্জ
কোচবিহারজেলা

মেমো নং : H-659 তারিখ: 04-01-2022

বিজ্ঞপ্তি

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীন স্বাস্থ্য মিশন- এর আদেশনামা অনুযায়ী কোচবিহার সদর / দিনহাটা / মাথাভাঙ্গা / তুফানগঞ্জ / মেখলিগঞ্জ মহকুমার অর্ন্তগত বিভিন্ন ব্লকের নিম্নলিখিত উপস্বাস্থ্য কেন্দ্রের (পার্শ্বে উল্লেখিত স্থানের) ASHA নিয়োগের উদ্দেশ্যে ঐ এলাকার অর্ন্তগত গ্রামগুলিতে মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য নির্দিষ্ট আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

শর্তাবলী :-

১) কেবলমাত্র বিবাহিতা / বিধবা / বিবাহ বিচ্ছিন্না মহিলাই আবেদন করতে পারেন। বিবাহিত মহিলাদের জন্য যে কোন সরকারী নথী (ম্যারেজ সার্টিফিকেট / ভোটার কার্ড /আধার কার্ড), বিবাহ বিচ্ছিন্নাদের জন্য আদালত কর্তৃক ডিক্রি, বিধবাদের জন্য স্বামীর ডেথ সার্টিফিকেট অবশ্যই প্রয়োজন। কেবলমাত্র বিবাহিত মহিলাদের যদি কোন সরকারী নথী না থাকে তা হলে বিবাহের প্রমান হিসেবে নোটারী / ম্যাজিস্ট্রেটের সই সম্বলিত অ্যাফিডাফিট জমা দিতে হবে।

২) আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমান স্বরূপ সাম্প্রতিক তালিকা অনুসারে প্রার্থীকেতার EPIC/ রেশনকার্ড - এর স্ব-প্রত্যায়িত নকল অবশ্যই জমা দিতে হবে।

৩) সাধারন প্রার্থীর বয়স ০১/০১/২০২২ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি, তপশিলী উপজাতিভূক্ত প্রার্থীদের বয়সীমা ঐ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

৪) প্রার্থীকে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অবতীর্ণ হতে হবে । এ ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিচার করা হবে। শুধুমাত্র আবশ্যিক বিষয়ের নম্বর গুলো বিবেচিত হবে । উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চশিক্ষার কোন মূল্যায়ন বিবেচিত হবে না ।

৫) গ্রেড ওয়ান এবং গ্রেড টু, স্বনির্ভর গোষ্ঠীর সদস্য, প্রশিক্ষণপ্রাপ্ত দাই, লিংক ওয়ার্কারগন সকলেই বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার হিসাবে বিবেচনায় যোগ্য হবেন।

৬) আশাকর্মী শূন্যপদ আসনযুক্ত অংশে যদি মোট জনসংখ্যার ৫০ শতাংশের অধিক নাগরিক তপশিলী জাতি ও তপশিলী উপজাতি হয়ে থাকে এবং উক্ত জাতিভূক্ত আবেদনকারী প্রার্থীদের যোগ্যতা যদি মানদন্ড পূরণ করে, সেক্ষেত্রে প্রার্থী নির্বাচনে তপশিলী জাতি ও তপশিলী উপজাতিদের প্রাধান্য দেওয়া হবে।

৭) আবেদনকারীর সঙ্গে যে সকল প্রমানপত্রের স্ব-প্রত্যায়িত প্রতিলিপি জমা করতে হবে :-

ক) জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড।

খ) এলাকার বাসিন্দা হিসাবে ভোটের পরিচয়পত্র (EPIC) / রেশনকার্ড। বিবাহিত মহিলাদের জন্য যে কোনসরকারী নথী (ম্যারেজ সার্টিফিকেট/ভোটার কার্ড/আধার কার্ড), বিবাহ বিচ্ছিন্নাদের জন্য আদালত কর্তৃক ডিক্রি, বিধবাদের জন্য স্বামীর ডেথ সার্টিফিকেট অবশ্যই প্রয়োজন। কেবলমাত্র বিবাহিত মহিলাদের যদি কোন সরকারী নথী না থাকে তাহলে বিবাহের প্রমান হিসেবে নোটারী / ম্যাজিস্ট্রেটের সইসম্বলিত অ্যাফিডাফিট জমা দিতে হবে।

গ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণপত্র (তপশিলী জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর জাতির ক্ষেত্রে)।

ঘ) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশীট।

ঙ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড ১ ও গ্রেড ২স্বনির্ভর গোষ্ঠীভুক্ত সদস্য / প্রশিক্ষণপ্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার প্রমানপত্র (প্রযোজ্য হলে)।

চ) প্রার্থীরস্বাক্ষরসহ ২ কপিপাসপোর্টসাইজফটো।

শংসাপত্র গুলির মধ্যে যে কোনো একটি আবেদনপত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে। নিয়োগের পূর্বে প্রার্থীকে অবশ্যই (ক থেকে ঙ) উল্লেখিত প্রমাণপত্রগুলির আসল দেখাতে হবে।

৮) অসম্পূর্ন ও ত্রুটিপুর্ন আবেদন খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ উপরোধ গ্রাহ্য করা হবে না।

৯) নথি যাচাই এর পর ইন্টারভিউ এর জন্য সকল যোগ্য প্রার্থীর তালিকা সংশ্লিষ্ট বি. ডি. ও. অফিস এবং এস. ডি. ও. অফিসে এবং জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশিত হবে।

১০) আবেদনপত্র জমা দেওয়ার স্থান :-নিজ নিজ এলাকার সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ (বি. ডি. ও.) অফিসে নির্দিষ্ট বাক্সে।

১) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ, কোচবিহার-১, ধলুয়াবাড়ি, কোচবিহার, ৭৩৬১০১	৭) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ, মাথাভাঙ্গা-২,দোলংমোড়, মাথাভাঙ্গা, কোচবিহার,৭৩৬১৪৬
২) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ, কোচবিহার-২ পুন্ডিবাড়ি, কোচবিহার,৭৩৬১৬৫	৮) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ, শিতলখুঁচি,মাথাভাঙ্গা, কোচবিহার,৭৩৬১৫৮
৩) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ, দিনহাটা-১ ,দিনহাটা, কোচবিহার,৭৩৬১৩৫	৯) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ, তুফানগঞ্জ-১,তুফানগঞ্জ মেইন রোড, কোচবিহার,৭৩৬১৫৯
৪) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ, দিনহাটা-২,সাহেবগঞ্জ কোচবিহার,৭৩৬১৩৫	১০) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ,তুফানগঞ্জ,বক্সিরহাট,কোচবিহার ৭৩৬১৩১
৫) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ, সিতাই, কোচবিহার,৭৩৬১৬৭	১১) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ,মেখলিগঞ্জ,চ্যাংরাবান্দা,কোচবিহার,৭৩৫৩০১
৬) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ, মাথাভাঙ্গা-১ শিকারপুর মাথাভাঙ্গা, কোচবিহার,৭৩৬১৪৬	১২) সমষ্টিউন্নয়নআধিকারিকেরকরণ, হলদিবাড়ি, মেলারমাঠ, কোচবিহার,৭৩৬১৩১

১১) আবেদনপত্র জমা দেবার তারিখ : ০৪/০১/২০২২সকাল ১১ টা থেকে ১৮/০১/২০২২দুপুর ২ টা অবধি ।

১২) প্রার্থীকে অবশ্যই আবেদনপত্র সরাসরি সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ (বি.ডি.ও অফিসের) কার্য্যালয়ে নির্দিষ্ট বাক্সে উল্লেখিত সময়সীমার মধ্যে জমা দিতে হবে।

ব্লক ভিত্তিক ASHA - দের শূন্যপদের তালিকা সংযোজনী - ১ এবং আবেদনপত্রটি সংযোজনী - ২ তে উল্লেখিত হল।

Sd/-
মহকুমা শাসক, তুফানগঞ্জ
কোচবিহার জেলা

মেমো নং : H-659(31) তারিখ: 04-01-2022

অবগতির জন্য নিম্নলিখিত করণে প্রেরিত হল:-

১) মাননীয় জেলা শাসক, কোচবিহার
২) মাননীয় শ্রী উমাকান্ত বর্মন (সভাধিপতি, কোচবিহার জেলা পরিষদ)
৩) মাননীয় শ্রী হিতেনবর্মন, কোচবিহার
৪) চিফ মেডিক্যাল অফিসার অফ হেলথ, কোচবিহার
৫) ডি.পি.ও (আই.সি.ডি.এস), কোচবিহার
৬) ডি.পি.এইচ.এন.ও, কোচবিহার
৭) ডি.আই.ও,এন.আই.সি , কোচবিহার - জেলা প্রশাসনের অফিসিয়াল ওয়েব সাইট এ আপলোড করার জন্য প্রেরণ করা হল ।
৮-১৯) সমষ্টি উন্নয়ন আধিকারিক, কোচবিহার- ১/কোচবিহার-২ /দিনহাটা- ১/দিনহাটা-২/সিতাই / মাথাভাঙ্গা- ১/মাথাভাঙ্গা-২/শিতলখুঁচি /তুফানগঞ্জ- ১/ তুফানগঞ্জ-২/মেখলিগঞ্জ/ হলদিবাড়ি - নির্দিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশ করার জন্য এবং আবেদনপত্র গ্রহন করার জন্য অনুরোধ করা হচ্ছে। সমস্ত বিজ্ঞপ্তিটি সকল গ্রাম পঞ্চায়েতের নোটিশ বোর্ডে প্রকাশ করার জন্য অনুরোধ করা হচ্ছে। সমস্ত বিজ্ঞপ্তিটি মাইকিং করার জন্য অনুরোধ করা হচ্ছে।
২০-৩১) ব্লক স্বাস্থ্য আধিকারিক, কোচবিহার- ১/কোচবিহার-২ /দিনহাটা- ১/দিনহাটা-২/সিতাই / মাথাভাঙ্গা- ১/মাথাভাঙ্গা-২/শিতলখুঁচি /তুফানগঞ্জ- ১/ তুফানগঞ্জ-২/মেখলিগঞ্জ/ হলদিবাড়ি

Sd/-
মহকুমা শাসক, তুফানগঞ্জ
কোচবিহার জেলা

Tufanganj Sub Division

Name of Block	GP Name	SC name	Vacant area(Village)	Category	No. of Post
Tufanganj-I	Balarampur - I	Balarampur PHC	Balarampur	GEN	1
	Balarampur - II	Balarampur South	Balarampur	GEN	1
	Maruganj	Ayrani Chithaliya	Ayrani Chithaliya	SC (Preference)	1
	Andaranfulbari - I	Andaranfulbari South	Andaranfulbari	GEN	1
	Balabhut	Balabhut North	Balabhut	GEN	1
	Balabhut	Balabhut South	Balabhut	GEN	1
	Chilakhana - I	Jaigir Chilakhana	Jaigir Chilakhana	SC (Preference)	1
	Chilakhana - I	Chilakhana	Chilakhana	GEN	1
	Natabari - II	Velapeta	Velapeta	SC (Preference)	1
	Dhalpal - II	Guriarpar	Chhatrampur - I	SC (Preference)	1
	Deocharai	Tilerpar	Deocharai	GEN	1
	Nakkatigachh	Taltala	Chamta	GEN	1

Name of Block	GP Name	SC name	Vacant area(Village)	Category	No. of Post
Tufanganj-II	Shalbari- I	Bansraja	Bansraja	SC (Preference)	1
	Barokodali- II	Begarkhata	Begarkhata,Sourkhata	SC (Preference)	1
	Falimari	East Falimari	Falimari	General	1
	Rampur-II	Singimari	Khagribari	SC (Preference)	2
	Bhanukumari-I	Chhotolaukuthi	Chhit Barolaukuthi	General	1
	Bhanukumari-II	Bhanukumari II GP HQ	Jhawkuthi, Chhat Balakuthi	General	1
		Balakuthi	Shilghagri	General	1
	Mahishcuchi- I	Mahishcuchi GPHQ	Mahishkuchi	SC (Preference)	1
	Barokodali- I	Barokodali I GP HQ	Barokodali	SC (Preference)	1

সংযোজনী - ২

প্রত্যয়িত ছবি

আবেদনপত্র

আমি নিম্ন স্বাক্ষরকারী বিজ্ঞপ্তি নং.............................তাং .... এর পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত পদের জন্য আবেদন করিতেছি।

১) আবেদনকারীর নাম : ....

২) স্বামীর নাম : ....

৩) পিতার নাম : ....

৪) ঠিকানা
গ্রাম : ....
পোষ্ট : ....
জেলা : ....
থানা : ....
পিন : ....

৫) গ্রাম পঞ্চায়েত : ....

৬) ব্লক : ....

৭) বিবাহিতা / বিবাহ বিচ্ছিন্না / বিধবা : ....

৮) জন্ম তারিখ : / / /

৯) তপশিলি জাতি /তপশিলি উপজাতি / অন্যান্য অনগ্রসর শ্রেণী / সাধারন : ....

১০) যে উপ স্বাস্থ্যকেন্দ্রের জন্য আবেদন করেছেন : ....

১১) মোবাইল নম্বর :

মাধ্যমিক বা সমতুল পরীক্ষার বিশদ বিবরণ (অতিরিক্ত বিষয় ছাড়া)

পরীক্ষার নাম	বোর্ড	পরীক্ষায় বসার বৎসর	মোট নম্বর	প্রাপ্ত নম্বর	শতকরা (%)

আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত শংসা পত্রের প্রত্যয়িত নকল জমা করতে হবে :

১) ভোটের সচিত্র পরিচয়পত্র /রেশন কার্ড/ আধার কার্ড ২) মাধ্যমিক মার্কশীট ৩) বয়সের প্রমান পত্র - বার্থ সার্টিফিকেট/মাধ্যমিক অ্যাডমিট কার্ড ৪) জাতিগত শংসাপত্র (প্রযোজ্য হলে) ৫) স্ব-নির্ভর গোষ্ঠী /প্রশিক্ষন প্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার এর শংসা পত্র (প্রযোজ্য হলে) ৬) বিবাহ বিচ্ছিন্নাদের জন্য আদালত কর্তৃক ডিক্রি.(প্রযোজ্য হলে) ৭) বিধবাদের জন্য স্বামীর ডেথ সার্টিফিকেট (প্রযোজ্য হলে) ৮) বিবাহিত মহিলাদের যদি কোন সরকারী নথী না থাকে তাহলে বিবাহের প্রমান হিসেবে নোটারী / ম্যাজিস্ট্রেটের সই সম্বলিত অ্যাফিডাফিট জমা দিতে হবে।

ঘোষনা

আমি পূর্ণ জ্ঞান ও বিশ্বাস সহ ঘোষনা করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাদির প্রমান নথি মূল সত্য। কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমানিত হলে আমি দায়ী থাকব। আমি কোন অসাধু প্রভাব খাটানোর চেষ্টা করলে কর্তৃপক্ষ আমার প্রার্থীপদ খারিজ করে দিতে পারেন । আমি সমস্ত নথি যাচাই ও নিয়োগপদ্ধতিতে প্রশাসনকে সম্পূর্ণ সহায়তা করব এবং প্রশাসনের সকল সিদ্ধান্তকে চূড়ান্ত বলে মেনে নেব।

স্থান ও তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর